

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪৮/২০১৪

অভিযোগকারী : জনাব দেলাওয়ার বিন সিরাজ

২/২ আর কে মিশন রোড

ঢাকা-১২০৩।

প্রতিপক্ষ : জনাব মোঃ মোস্তাফিজুর রহমান

উপ-মহাব্যবস্থাপক

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

মিল্কভিটা, ১৩৯-১৪০ তেজগাঁও শি/এ

ঢাকা-১২০৮।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৫-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ তার দাখিলকৃত ২৯/২০১৩, ৭৯/২০১৩ এবং ১১৫/২০১৩ নং অভিযোগের বিষয়ে ০৫-০৫-২০১৪ তারিখে মিল্কভিটা এর উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, সর্বশেষ ১১৫/২০১৩ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক ৩য় বারের মতো তথ্য সরবরাহ করার নির্দেশ দেয়ার পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) যে সকল তথ্য সরবরাহ করেছেন তা আংশিক ও বিভ্রান্তিকর এবং কতিপয় প্রার্থিত তথ্য সরবরাহ না করায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বিরুদ্ধে জরিমানা প্রার্থনা করে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৫-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব দেলাওয়ার বিন সিরাজ ও প্রতিপক্ষ মিল্কভিটা এর উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এবং তাকে সহায়তাকারী বিজ্ঞ আইনজীবী মোল্লা কিসমত হাবিব হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) যে তথ্য সরবরাহ করেছেন তা আংশিক ও বিভ্রান্তিকর। এ বিষয়ে তিনি তথ্য অধিকার আইন অনুযায়ী প্রতিকার প্রার্থনা করে অভিযোগ দাখিল করেন।

০৪। মিল্কভিটা এর উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তথ্য সরবরাহ করা হয়েছে। অভিযোগকারী যে ব্যবস্থাপনা কমিটির সভাপতি তথ্য চেয়েছেন হাসিব খান তরুন ই সে ব্যবস্থাপনা কমিটির সভাপতি, চেয়ারম্যানের কোন পদ নেই, বিবিধ কোন ব্যয় নেই, গাড়ির যে তথ্য দেয়া হয়েছে সেটি হাসিব খান তরুন ব্যবহার করেন, বিদেশ ভ্রমণের সঠিক তথ্য দেয়া হয়েছে। বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, নিষ্পত্তিকৃত অভিযোগে যে সিদ্ধান্ত দেয়া হয়েছে সে অনুযায়ী তথ্য সরবরাহ করা হয়েছে। একই বিষয়ে পুনরায় অভিযোগ দায়ের করা যায় না। নতুন করে সঠিক তথ্য চেয়ে আবেদন করলে তথ্য দেয়া সম্ভব হবে।

(অ:প্:দ্র:)

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে ইতোমধ্যে তথ্য সরবরাহ করেছেন। তবে কোন কোন ক্ষেত্রে কিছু তথ্য সুস্পষ্ট নয় বলে অভিযোগকারীর বক্তব্যে প্রতীয়মান হয়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে পুনরায় সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। আগামী ১৪-০৮-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য শুনানীকালে কমিশন কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে সরবরাহ করার জন্য মিল্কভিটা এর উপ-মহাব্যবস্থাপক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।
- ২। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার